রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, আগস্ট ১৮, ২০১৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০১ ভাদ্র ১৪২২ বঙ্গাব্দ/১৬ আগস্ট ২০১৫ খ্রিস্টাব্দ

**এস, আর, ও নং ২৫৬-আইন/২০১৫।**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথা :—

১। **সংক্ষিপ্ত শিরোনাম।**—এই বিধিমালা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর (গেজেটেড ও নন-গেজেটেড কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৫ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা।**—বিষয় কিংবা প্রসংগের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) "কমিশন" অর্থ বাংলাদেশ সরকারী কর্ম কমিশন;

(খ) "তফসিল" অর্থ এই বিধিমালার সহিত সংযোজিত তফসিল;

(গ) "নিয়োগকারী কর্তৃপক্ষ" অর্থ সরকার বা সরকার কর্তৃক ক্ষমতা প্রদত্ত যে কোন কর্মকর্তা;

(ঘ) "পদ" অর্থ তফসিলে উল্লিখিত কোন পদ;

(ঙ) "প্রয়োজনীয় যোগ্যতা" অর্থ কোন পদের জন্য তফসিলে উল্লিখিত যোগ্যতা;

(চ) "শিক্ষানবিশ" অর্থ কোন পদে শিক্ষানবিশ হিসাবে নিযুক্ত কোন ব্যক্তি;


মূল্য ঃ টাকা ১৬.০০

(ছ) "সিজিপিএ" অর্থ Cumulative Grade Point Average (CGPA); এবং

(জ) "স্বীকৃত ইন্সটিটিউট" বা "স্বীকৃত বিশ্ববিদ্যালয়" বা "স্বীকৃত বোর্ড" অর্থ আপাততঃ বলবৎ কোন আইনের দ্বারা বা আইনের অধীন প্রতিষ্ঠিত কোন ইন্সটিটিউট বা বিশ্ববিদ্যালয় বা বোর্ড এবং এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে, কমিশনের সহিত পরামর্শক্রমে, সরকার কর্তৃক স্বীকৃত বলিয়া ঘোষিত অন্য কোন ইন্সটিটিউট বা বিশ্ববিদ্যালয় বা বোর্ড বা প্রতিষ্ঠানও ইহার অন্তর্ভুক্ত হইবে।

৩। **নিয়োগ পদ্ধতি**।—(১) তফসিলে বর্ণিত বিধান সাপেক্ষে এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ২৯(৩) এর উদ্দেশ্য পূরণকল্পে, সংরক্ষণ সংক্রান্ত নির্দেশাবলী সাপেক্ষে, কোন পদে নিম্নবর্ণিত পদ্ধতিতে নিয়োগদান করা হইবে, যথাঃ—

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে;

(খ) পদোন্নতির মাধ্যমে; এবং

(গ) প্রেষণে বদলীর মাধ্যমে।

(২) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগ করা যাইবে না, যদি তজ্জন্য তাহার প্রয়োজনীয় যোগ্যতা না থাকে, এবং সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার বয়স উক্ত পদের জন্য তফসিলে বর্ণিত বয়সসীমার মধ্যে না হয়।

৪। **সরাসরি নিয়োগ**।—(১) কমিশনের সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতাভুক্ত কোন পদে কোন ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(২) নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বাছাই কমিটির সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতা বহির্ভূত কোন পদে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(৩) কোন পদে সরাসরি নিয়োগের জন্য কোন ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না, যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক না হন, অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন, অথবা বাংলাদেশের ডমিসাইল না হন;

(খ) এমন কোন ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন, যিনি বাংলাদেশের নাগরিক নহেন।

(৪) কোন পদে সরাসরি নিয়োগ করা হইবে না, যদি—

(ক) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক কর্তৃক গঠিত মেডিক্যাল বোর্ড অথবা, ক্ষেত্রবিশেষে, তৎকর্তৃক মনোনীত কোন মেডিক্যাল অফিসার এই মর্মে প্রত্যয়ন না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগযোগ্য এবং তিনি এইরূপ কোন দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না, যাহা সংশ্লিষ্ট পদের দায়িত্ব পালনে কোন ব্যাঘাত সৃষ্টি করিতে পারে; এবং

(খ) এইরূপে বাছাইকৃত ব্যক্তির পূর্ব কার্যকলাপ যথাযোগ্য এজেন্সীর মাধ্যমে তদন্ত না হইয়া থাকে ও তদন্তের ফলে দেখা না যায় যে, প্রজাতন্ত্রের চাকুরীতে নিযুক্তির জন্য তিনি অনুপযুক্ত নহেন।

(৫) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগের জন্য সুপারিশ করা হইবে না, যদি তিনি—

(ক) উক্ত পদের জন্য কমিশন কর্তৃক বা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক দরখাস্ত আহ্বানের বিজ্ঞপ্তিতে উল্লিখিত ফিসহ যথাযথ ফরম ও নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন; এবং

(খ) সরকারী চাকুরী কিংবা কোন স্থানীয় কর্তৃপক্ষের চাকুরীতে নিয়োজিত থাকাকালে স্বীয় ঊর্ধ্বতন কর্মকর্তার মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

**৫। পদোন্নতির মাধ্যমে নিয়োগ।**—(১) এতদুদ্দেশ্যে সরকার কর্তৃক গঠিত সংশ্লিষ্ট বাছাই বা নির্বাচন কমিটির সুপারিশের ভিত্তিতে কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবেঃ

তবে শর্ত থাকে যে, ৩য় শ্রেণী হইতে ২য় শ্রেণী এবং ২য় শ্রেণী হইতে ১ম শ্রেণীর পদে কমিশনের সুপারিশ ব্যতীত নিয়োগ করা যাইবে না।

(২) যদি কোন ব্যক্তির চাকুরীর বৃত্তান্ত সন্তোষজনক না হয়, তাহা হইলে তিনি কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

**৬। শিক্ষানবিশ।**—(১) কোন স্থায়ী শূন্য পদের বিপরীতে কোন পদে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে শিক্ষানবিশ হিসাবে—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, নিয়োগের তারিখ হইতে ২ (দুই) বৎসরের জন্য, এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, এইরূপ নিয়োগের তারিখ হইতে ১ (এক) বৎসরের জন্য, নিয়োগ করা হইবে ঃ

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া শিক্ষানবিশির মেয়াদ এক বা একাধিকবারে এইরূপে সম্প্রসারণ করিতে পারেন যাহাতে বর্ধিত মেয়াদ সর্বসাকুল্যে ২ (দুই) বৎসরের অধিক না হয়।

(২) যে ক্ষেত্রে কোন শিক্ষানবিশের শিক্ষানবিশির মেয়াদ চলাকালে নিয়োগকারী কর্তৃপক্ষ মনে করেন যে, তাহার আচরণ ও কর্ম সন্তোষজনক নহে, কিংবা তাহার কর্মদক্ষ হওয়ার সম্ভবনা নাই সেই ক্ষেত্রে উক্ত কর্তৃপক্ষ—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, শিক্ষানবিশের চাকুরীর অবসান ঘটাইতে পারিবেন; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।

(৩) শিক্ষানবিশির মেয়াদ, বর্ধিত মেয়াদ থাকিলে তাহাসহ, সম্পূর্ণ হওয়ার পর নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, শিক্ষানবিশির মেয়াদ চলাকালে কোন শিক্ষানবিশের আচরণ ও কর্ম সন্তোষজনক, তাহা হইলে উপ-বিধি (৪) এর বিধান সাপেক্ষে, তাহাকে চাকুরীতে স্থায়ী করিবেন; এবং

(খ) যদি মনে করেন যে, উক্ত মেয়াদ চলাকালে শিক্ষানবিশের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল না, তাহা হইলে উক্ত কর্তৃপক্ষ—

(অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার চাকুরীর অবসান ঘটাইতে পারিবেন; এবং

(আ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।

(৪) কোন শিক্ষানবিশকে কোন নির্দিষ্ট পদে স্থায়ী করা হইবে না যতক্ষণ না সরকারী আদেশবলে সময়ে সময়ে যে পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, সেই পরীক্ষায় তিনি পাশ করেন ও প্রশিক্ষণ গ্রহণ করেন।

**৭। বিশেষ বিধান।**—তফসিলে উল্লিখিত কোন পদ পূরণের ক্ষেত্রে সরাসরি ও পদোন্নতির কোটা বিভাজনের কোন ভগ্নাংশ আসিলে উভয় কোটায় ভগ্নাংশ পূর্ণ সংখ্যা হিসাবে পদোন্নতির কোটার সহিত যুক্ত হইবে।

## তফসিল

**[ বিধি-২ (খ) দ্রষ্টব্য ]**

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১। | মহাপরিচালক | - | প্রেষণে বদলীর মাধ্যমে | অতিরিক্ত সচিব পদমর্যাদার কর্মকর্তাগণের মধ্য হইতে, তবে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ে অভিজ্ঞতাসম্পন্ন কর্মকর্তাদের অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ২। | অতিরিক্ত মহাপরিচালক | - | পদোন্নতির মাধ্যমে ; তবে পদোন্নতি যোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলীর মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রেঃ** পরিচালক পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরি।<br>**প্রেষণে বদলির ক্ষেত্রে ঃ** যুগ্ম সচিব পদমর্যাদার কর্মকর্তাগণের মধ্য হইতে, তবে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ৩। | সিস্টেমস ম্যানেজার | ৪৫ বৎসর | পদোন্নতির মাধ্যমে ; তবে পদোন্নতির যোগ্য প্রার্থী না পাওয়া গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে ঃ** পরিচালক হিসেবে ন্যূনতম ৩ (তিন) বৎসর চাকরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কম্পিউটার বিজ্ঞান বা Computer Science and Engineering (CSE) বা Information and Communication Techonology (ICT) সংশ্লিষ্ট বিষয়ে ১ম শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪ বৎসর মেয়াদি স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) সিস্টেম এনালিস্ট পদে অন্যূন ১০ (দশ) বৎসরের চাকরির অভিজ্ঞতা<br>অথবা<br>প্রোগ্রামার পদে ১৫ বৎসরের চাকরির অভিজ্ঞতা<br>অথবা |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| | | | | সিস্টেম এনালিস্ট ও প্রোগ্রামার উভয় পদে অন্যূন ১২ (বার) বৎসরের চাকরির অভিজ্ঞতা :<br>তবে PhD ডিগ্রিধারীদের অন্যূন ৭ (সাত) বৎসরের চাকরির অভিজ্ঞতা ;<br>(গ) কোনো পাবলিক পরীক্ষায় ৩য় শ্রেণি বা সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না। |
| ৪। | পরিচালক | - | **পদোন্নতির মাধ্যমে ;** তবে পদোন্নতি যোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলীর মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে ঃ** উপ-পরিচালক পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরি।<br>**প্রেষণে বদলীর ক্ষেত্রে ঃ** উপ-সচিব পদমর্যাদার কর্মকর্তাগণের মধ্য হইতে, তবে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ে অভিজ্ঞতাসম্পন্ন কর্মকর্তাদের অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ৫। | উপ-পরিচালক | - | ৫০% পদ সহকারী পরিচালক পদ হইতে এবং ৫০% পদ সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার পদ হইতে পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতি যোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলীর মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে ঃ** সহকারী পরিচালক, সহকারী প্রোগ্রামার বা সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি।<br>**প্রেষণে বদলীর ক্ষেত্রে ঃ** সিনিয়র সহকারী সচিব পদমর্যাদার কর্মকর্তাগণের মধ্য হইতে, তবে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ে অভিজ্ঞতাসম্পন্ন কর্মকর্তাদের অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ৬। | নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার | ৩৫ বৎসর | পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতি যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে ঃ** সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কম্পিউটার বিজ্ঞান বা CSE বা ICT সংশ্লিষ্ট বিষয়ে ২য় শ্রেণি ব সমমানের সিজিপিএসহ ৪ বৎসর মেয়াদি স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার, সহকারী প্রোগ্রামার, সহকারী সিস্টেম এনালিস্ট, সহকারী মেইন্টেন্যান্স ইঞ্জিনিয়ার, সহকারী ডাটাবেজ এ্যাডমিনিস্ট্রেটর, সহকারী ওয়েবসাইট এ্যাডমিনিস্ট্রেটর পদ বা সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরির অভিজ্ঞতা ; |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| | | | | (গ) Information Technology Engineers Examination (ITEE) বা সমমানের সার্টিফিকেটধারীদের অগ্রাধিকার দেওয়া হইবে ; এবং<br>(ঘ) কোনো পাবলিক পরীক্ষায় ৩য় শ্রেণি বা সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না। |
| ৭। | ডাটাবেজ এ্যাডমিনিস্ট্রেটর | ৩৫ বৎসর | পদোন্নতির মাধ্যমে ; তবে পদোন্নতি যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে** ঃ সহকারী প্রোগ্রামার বা সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কম্পিউটার বিজ্ঞান বা CSE বা ICT সংশ্লিষ্ট বিষয়ে ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪ বৎসর মেয়াদি স্নাতক বা সমমানের ডিগ্রি ; এবং<br>(খ) সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার, সহকারী প্রোগ্রামার, সহকারী সিস্টেম এনালিস্ট, সহকারী মেইন্টেন্যান্স ইঞ্জিনিয়ার, সহকারী ডাটাবেজ এ্যাডমিনিস্ট্রেটর, সহকারী ওয়েবসাইট এ্যাডমিনিস্ট্রেটর পদ বা সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরির অভিজ্ঞতা ;<br>(গ) ITEE বা সমমানের সার্টিফিকেটধারীদের অগ্রাধিকার দেওয়া হইবে : এবং<br>(ঘ) কোনো পাবলিক পরীক্ষায় ৩য় শ্রেণি বা সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না। |
| ৮। | ওয়েবসাইট এ্যাডমিনিস্ট্রেটর | ৩৫ বৎসর | পদোন্নতির মাধ্যমে ; তবে পদোন্নতি যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে** ঃ সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার বা সহকারী প্রোগ্রামার পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কম্পিউটার বিজ্ঞান বা CSE বা ICT সংশ্লিষ্ট বিষয়ে ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪ বৎসর মেয়াদি স্নাতক বা সমমানের ডিগ্রি ; এবং |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| | | | | (খ) সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার, সহকারী প্রোগ্রামার, সহকারী সিস্টেম এনালিস্ট, সহকারী মেইন্টেন্যান্স ইঞ্জিনিয়ার, সহকারী ডাটাবেজ এ্যাডমিনিস্ট্রেটর, সহকারী ওয়েবসাইট এ্যাডমিনিস্ট্রেটর পদ বা সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরির অভিজ্ঞতা ;<br>(গ) ITEE বা সমমানের সার্টিফিকেটধারীদের অগ্রাধিকার দেওয়া হইবে; এবং<br>(ঘ) কোনো পাবলিক পরীক্ষায় ৩য় শ্রেণি বা সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না। |
| ৯। | মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার | ৩৫ বৎসর | পদোন্নতির মাধ্যমে ; তবে পদোন্নতি যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে** ঃ সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার বা সহকারী প্রোগ্রামার পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে** ঃ<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কম্পিউটার বিজ্ঞান বা CSE বা ICT সংশ্লিষ্ট বিষয়ে ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪ বৎসর মেয়াদি স্নাতক বা সমমানের ডিগ্রি ; এবং<br>(খ) সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার, সহকারী প্রোগ্রামার, সহকারী সিস্টেম এনালিস্ট, সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, সহকারী ডাটাবেজ এ্যাডমিনিস্ট্রেটর, সহকারী ওয়েবসাইট এ্যাডমিনিস্ট্রেটর পদ বা সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরির অভিজ্ঞতা ;<br>(গ) ITEE বা সমমানের সার্টিফিকেটধারীদের অগ্রাধিকার দেওয়া হইবে; এবং<br>(ঘ) কোনো পাবলিক পরীক্ষায় ৩য় শ্রেণি বা সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না। |
| ১০। | প্রোগ্রামার | ৩৫ বৎসর: | পদোন্নতির মাধ্যমে ; তবে পদোন্নতি যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে** ঃ সহকারী প্রোগ্রামার পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে** ঃ<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কম্পিউটার বিজ্ঞান বা CSE বা ICT সংশ্লিষ্ট বিষয়ে ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪ বৎসর মেয়াদি স্নাতক বা সমমানের ডিগ্রি ; এবং |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| | | | | (খ) সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার, সহকারী প্রোগ্রামার, সহকারী সিস্টেম এনালিস্ট, সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, সহকারী ডাটাবেজ এ্যাডমিনিস্ট্রেটর, সহকারী ওয়েবসাইট এ্যাডমিনিস্ট্রেটর পদ বা সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরির অভিজ্ঞতা ;<br>(গ) ITEE বা সমমানের সার্টিফিকেটধারীদের অগ্রাধিকার দেওয়া হইবে; এবং<br>(ঘ) কোনো পাবলিক পরীক্ষায় ৩য় শ্রেণি বা সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না। |
| ১১। | সহকারী পরিচালক | ৩০ বৎসর | (ক) ৭৫% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br>(খ) ২৫% পদ পদোন্নতির মাধ্যমে ; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে ;<br>(গ) পদোন্নতি ও সরাসরি নিয়োগের জন্য যোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলীর মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে ঃ**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতকোত্তর ডিগ্রিসহ হিসাবরক্ষণ কর্মকর্তা বা প্রশাসনিক কর্মকর্তা বা ডাটা এন্ট্রি কন্ট্রোল সুপারভাইজার পদে ৫ (পাঁচ) বৎসরের চাকরি ;<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা থাকিতে হইবে।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কম্পিউটার বিজ্ঞান বা CSE বা ICT সংশ্লিষ্ট বিষয়ে ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪ বৎসর মেয়াদি স্নাতক বা সমমানের ডিগ্রি ; এবং<br>(খ) ITEE বা সমমানের সার্টিফিকেটধারীদের অগ্রাধিকার দেওয়া হইবে; এবং<br>(ঘ) কোনো পাবলিক পরীক্ষায় ৩য় শ্রেণি বা সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না।<br>**প্রেষণে বদলীর ক্ষেত্রে** ঃ সহকারী সচিব পদমর্যাদার কর্মকর্তাগণের মধ্য হইতে প্রেষণে বদলীর মাধ্যমে। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ১২। | সহকারী প্রোগ্রামার | ৩০ বৎসর | (ক) ৫০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br>(খ) ৫০% পদ পদোন্নতির মাধ্যমে ; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে ঃ**<br>(ক) ডাটা এন্ট্রি/কন্ট্রোল সুপারভাইজার পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি ;<br>(খ) স্ট্যান্ডার্ড এ্যাপটিচুড টেস্টে উত্তীর্ণ হইতে হইবে;<br>(গ) Structured Programming/Object Oriented Programming Languages এ প্রশিক্ষণ এবং দক্ষতা থাকিতে হইবে।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কম্পিউটার বিজ্ঞান বা CSE বা ICT সংশ্লিষ্ট বিষয়ে ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪ বৎসর মেয়াদি স্নাতক বা সমমানের ডিগ্রি ;<br>(খ) Structured Programming বা Object Oriented Programming Language এ প্রশিক্ষণ এবং দক্ষতা থাকিতে হইবে ;<br>(গ) স্ট্যান্ডার্ড এ্যাপটিচুড টেস্টে উত্তীর্ণ হইতে হইবে ;<br>(ঘ) ITEE বা সমমানের সার্টিফিকেটধারীদের অগ্রাধিকার দেওয়া হইবে; এবং<br>(ঙ) কোনো পাবলিক পরীক্ষায় ৩য় শ্রেণি বা সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না। |
| ১৩। | সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কম্পিউটার বিজ্ঞান বা CSE বা ICT সংশ্লিষ্ট বিষয়ে ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪ বৎসর মেয়াদি স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) নেটওয়ার্কিং এর উপর প্রফেশনাল সার্টিফিকেট থাকিতে হইবে;<br>(গ) স্ট্যান্ডার্ড এ্যাপটিচুড টেস্টে উত্তীর্ণ হইতে হইবে;<br>(ঘ) ITEE বা সমমানের সার্টিফিকেটধারীদের অগ্রাধিকার দেওয়া হইবে; এবং<br>(ঙ) কোনো পাবলিক পরীক্ষায় ৩য় শ্রেণি বা সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ১৪। | হিসাবরক্ষণ কর্মকর্তা | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতি যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রেঃ** কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্যে স্নাতক বা সমমানের ডিগ্রীসহ হিসাবরক্ষক বা ক্যাশিয়ার পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরী।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্য বা ব্যবসা প্রশাসনে ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪ বৎসর মেয়াদী স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা থাকিতে হইবে;<br>(গ) কোনো পাবলিক পরীক্ষায় ৩য় শ্রেণি সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না। |
| ১৫। | প্রশাসনিক কর্মকর্তা | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতি যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রেঃ** ব্যক্তিগত সহকারী (পিএ) পদে অন্যূন ৪ (চার) বৎসর, উচ্চমান সহকারী পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসর বা ক্যাটালগার পদে ৭ (সাত) বৎসরের চাকরী।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রী;<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা থাকিতে হইবে;<br>(গ) কোনো পাবলিক পরীক্ষায় ৩য় শ্রেণি সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না। |
| ১৬। | ডাটা এন্ট্রি/কন্ট্রোল সুপারভাইজার | ৩০ বৎসর | (ক) ৫০% সরাসরি নিয়োগের মাধ্যমে;<br>(খ) ৫০% পদোন্নতির মাধ্যমে;<br>(গ) পদোন্নতির যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রেঃ**<br>(ক) কম্পিউটার অপারেটর পদে অন্যূন ৬ (ছয়) বৎসরের চাকরি অথবা ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর পদে অন্যূন ৮ (আট) বৎসরের চাকরি।<br>(খ) কোনো পাবলিক পরীক্ষায় ৩য় শ্রেণি বা সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| | | | | **সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কম্পিউটার বিজ্ঞান বা CSE বা ICT সংশ্লিষ্ট বিষয়ে ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪ বৎসর মেয়াদি স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) স্ট্যান্ডার্ড এ্যাপটিচুড টেস্টে উত্তীর্ণ হইতে হইবে। |
| ১৭। | কম্পিউটার অপারেটর | The Computer Personnel (Government and Local Authorities) Recruitment Rules, 1985 অনুযায়ী। | | |
| ১৮। | ক্যাটালগার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হইতে তথ্য বিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিষয়ে ডিপ্লোমাসহ স্নাতক বা সমমানের ডিগ্রি<br>অথবা<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে তথ্য বিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিষয়ে স্নাতক বা সমমানের ডিগ্রি<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা থাকিতে হইবে। |
| ১৯। | ব্যক্তিগত সহকারী (পিএ) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | "The Stenographers and Steno-typists (Ministries, Divisions and Attached Departments) Recruitment Rules, 1978" এর "স্টেনোগ্রাফার" পদের নিয়োগ যোগ্যতা অনুযায়ী, তবে কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং ইত্যাদির সর্বনিম্ন গতি হইবে "সাঁট-লিপিকার বা স্টেনোগ্রাফার, সাঁটমুদ্রাক্ষরিক বা স্টেনোটাইপিস্ট, অফিস সহকারী-কাম-মুদ্রাক্ষরিক, মুদ্রাক্ষরিক-কাম-অফিস সহকারী ও মুদ্রাক্ষরিক পদের পদবী পরিবর্তন ও নিয়োগযোগ্যতা নির্ধারণ (বিশেষ বিধান) বিধিমালা, ২০১০" অনুযায়ী। |
| ২০। | উচ্চমান সহকারী | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতি যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রেঃ** কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরী। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| | | | | **সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রী;<br>(খ) কম্পিউটারের কাজে দক্ষতা থাকিতে হইবে। |
| ২১। | হিসাবরক্ষক | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতি যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রেঃ** স্টোর কিপার পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরী।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ**<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্যে স্নাতক বা সমমানের ডিগ্রীসহ কম্পিউটারের কাজে দক্ষতা। |
| ২২। | ক্যাশিয়ার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ বাণিজ্যে স্নাতক বা সমমানের ডিগ্রী;<br>(খ) কম্পিউটারের কাজে দক্ষতা থাকিতে হইবে; |
| ২৩। | ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর | The Computer Personnel (Government and Local Authorities) Recruitment Rules, 1985 অনুযায়ী। | | |
| ২৪। | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক | "নিম্নমান সহকারী-তথা-মুদ্রাক্ষরিক, প্লেইন পেপার কপিয়ার, ডুপ্লিকেটিং মেশিন অপারেটর, ডেসপাস রাইডার, দপ্তরী ও এম, এল, এস, এস (মন্ত্রণালয়/বিভাগ ও সংযুক্ত অধিদপ্তর) বিধিমালা, ১৯৯৩" এর "নিম্নমান সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক" পদের নিয়োগ যোগ্যতা অনুযায়ী, তবে কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং ইত্যাদির সর্বনিম্ন গতি হইবে "সাঁটলিপিকার বা স্টেনোগ্রাফার, সাঁটমুদ্রাক্ষরিক বা স্টেনোটাইপিস্ট, অফিস সহকারী-কাম-মুদ্রাক্ষরিক, মুদ্রাক্ষরিক কাম অফিস সহকারী ও মুদ্রাক্ষরিক পদের পদবী পরিবর্তন ও নিয়োগযোগ্যতা নির্ধারণ (বিশেষ বিধান) বিধিমালা, ২০১০" অনুযায়ী। | | |
| ২৫। | স্টোর কিপার | ৩০ বৎসর | (ক) পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে ঃ** কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ ডেসপাচ রাইডার পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরীসহ কম্পিউটারের কাজে দক্ষতা।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ** কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ কম্পিউটারের কাজে দক্ষতা। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ২৬। | প্লাম্বার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা<br>অথবা<br>কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ ৬ (ছয়) মাসের ভোকেশনাল ইন প্লাম্বিং কোর্সে উত্তীর্ণ হইতে হইবে।<br>অথবা<br>অষ্টম শ্রেণি বা জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ প্লাম্বিং কাজের উপর ৬ (ছয়) মাসের কোর্স সম্পন্ন হইতে হইবে;<br>(খ) কোনো খ্যাতনামা প্রতিষ্ঠানে প্লাম্বার হিসেবে ২ (দুই) বৎসরের কাজের অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ২৭। | গাড়িচালক | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোনো স্বীকৃত প্রতিষ্ঠান বা বোর্ড হইতে অষ্টম শ্রেণি বা জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং বৈধ ড্রাইভিং লাইসেন্সসহ হালকা ও ভারী যানবাহন চালনায় অভিজ্ঞ। |
| ২৮। | ল্যাব এটেন্ডেন্ট | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতি যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে ঃ** কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ অফিস সহায়ক, নিরাপত্তা প্রহরী বা মালী পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরীসহ কম্পিউটারের কাজে দক্ষতা।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ** কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ কম্পিউটারের কাজে দক্ষতা। |
| ২৯। | ডেসপাচ রাইডার | "নিম্নমান সহকারী-তথা-মুদ্রাক্ষরিক, প্লেইন পেপার কপিয়ার, ডুপ্লিকেটিং মেশিন অপারেটর, ডেসপাচ রাইডার, দপ্তরী ও এম, এল, এস, এস (মন্ত্রণালয়/বিভাগ ও সংযুক্ত অধিদপ্তর) বিধিমালা, ১৯৯৩ অনুযায়ী। | | |
| ৩০। | অফিস সহায়ক | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ৩১। | নিরাপত্তা প্রহরী | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা। |
| ৩২। | মালি | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা। |
| ৩৩। | পরিচ্ছন্নতা কর্মী | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে<br>তবে শর্ত থাকে যে, মোট পদের শতকরা ৮০ ভাগ পদ জাত হরিজনদের জন্য বরাদ্দ থাকিবে ঃ<br>আরও শর্ত থাকে যে, জাত হরিজন প্রার্থী পাওয়া না গেলে সে সকল পদ সাধারণ প্রার্থীদের দ্বারা পূরণ করা যাইবে। | কোনো স্বীকৃত বোর্ড হইতে অষ্টম শ্রেণি বা জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**কে এম আলী আযম**
সিনিয়র সহকারী সচিব।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd